# তথ্য অবমুক্তকরণ নীতিমালা-২০১৫

কৃষি তথ্য সার্ভিস
কৃষি মন্ত্রণালয়

# মুখবন্ধ

তথ্য প্রাপ্তির অধিকার প্রতিটি নাগরিকের চিন্তা, বিবেক ও বাক স্বাধীনতার মতো মৌলিক অধিকারের অবিচ্ছেদ্য অংশ যা সাংবিধানিক ভাবে স্বীকৃত। কৃষি তথ্য সার্ভিস গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের অধীন একটি সেবামূলক সংস্থা। আধুনিক কৃষি তথ্য ও প্রযুক্তি, বিজ্ঞানীদের আবিষ্কার, আধুনিক চাষ কৌশল, কৃষি উপকরণ ব্যবস্থাপনা, কৃষি ক্ষেত্রে সরকারের চিন্তা ভাবনা ও সিদ্ধান্ত অতি দ্রুত কৃষক, কৃষিজীবী তথা দেশের জনগনের দোড়গোড়ায় পৌঁছে দেয়াই এ প্রতিষ্ঠানের কাজ। প্রিন্ট, ইলেক্ট্রনিক, আইসিটি এ তিন মাধ্যমে অবাধ তথ্য প্রবাহ সৃষ্টি করে কৃষি তথ্য সার্ভিস সারাদেশে সুনাম কুড়িয়েছে। তথ্য অধিকার আইন-২০০৯ মহান জাতীয় সংসদে পাস হওয়ার পরপরই এ দপ্তর থেকে তথ্য অবমুক্তকরণ নীতিমালা প্রণয়নের কাজ হাতে নেয়া হয়।

দেশের কৃষি উৎপাদন বৃদ্ধি, আধুনিক কৃষির সাথে কৃষকের পরিচয় এবং কৃষি পণ্য বিপনণ কর্মকান্ডে আধুনিকতার সেতুবন্ধন রচিত হয়েছে অবাধ তথ্য প্রবাহের ফলে। কৃষি তথ্য সার্ভিস এ কাজটি বিশ্বস্ততার সাথে করে আসছে। কৃষি নিয়ে সরকারি কর্মকান্ডের স্বচ্ছতা জবাদিহিতা আরো আধুনিক ও যুগোপযোগি করা গেলে জনগন গণতান্ত্রিক শাসন ব্যবস্থার সুফল ভোগে আরো সুবিধা পাবে। তথ্য অবমুক্তকরণ নীতিমালা প্রণয়নে কৃষি তথ্য সার্ভিস-এর কর্মকর্তাগনের পাশাপাশি তথ্য কমিশন, এবং বেসরকারি সংস্থা এম.আর.ডি.আই সার্বিক ভাবে সহায়তা করেছেন। আমি সবার কাছে কৃতজ্ঞ।

দেশের কৃষি উন্নয়নের মাধ্যমে দারিদ্র্যকে পেছনে ফেলে বাংলাদেশকে এশিয়ার একটি অন্যতম মধ্যম আয়ের দেশে হিসেবে দাঁড় করানোর লক্ষ্য নিয়ে কৃষি তথ্য সার্ভিস কাজ করে যাচ্ছে। নাগরিকের তথ্য অধিকার নিশ্চিত হলে সর্বস্তরে বাড়বে জবাদিহিতা, স্বচ্ছতা। দেশ এগিয়ে যাবে উন্নয়নের অভীষ্ট লক্ষ্যে।

(মিজানুর রহমান)
পরিচালক
কৃষি তথ্য সার্ভিস
ফোন : ৯১১২২৬০

## তথ্য অধিকার আইন ২০০৯ এর আওতায় তথ্য অবমুক্তকরণ নীতিমালার বিষয়াবলী

সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা নম্বর |
|---|---|
| ১. তথ্য অবমুক্তকরণ নীতিমালা পটভুমি এবং প্রয়োজনীয়তা | ০৪ |
| ১.১ কৃষি তথ্য সার্ভিসের পটভূমি | ,, |
| ১.২ তথ্য অবমুক্তকরণ নীতিমালা প্রনয়নের যৌক্তিকতা / উদ্দেশ্য | ০৫ |
| ১.৩ নীতিমালার শিরোনাম | ” |
| ২. আইনগত ভিত্তি | ” |
| ২.১ অনুমোদনকারী কর্তৃপক্ষ | ” |
| ২.২ অনুমোদনের তারিখ | ” |
| ২.৩ নীতি বাস্তবায়নের তারিখ। | ” |
| ৩. সংজ্ঞা | ০৬ |
| ৩.১ তথ্য | ” |
| ৩.২ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | ” |
| ৩.৩ তথ্য প্রদান ইউনিট | ০৭ |
| ৩.৪ আপিল কর্তৃপক্ষ | ” |
| ৩.৫ তৃতীয় পক্ষ | ” |
| ৪. তথ্যের শ্রেণীবিন্যাস এবং তথ্য প্রদান পদ্ধতি | ” |
| ৪.১ স্ব প্রণোদিত তথ্য প্রকাশ এবং এর তালিকা | ” |
| ৪.২ তথ্য প্রকাশ বাধ্যতামূলক নয় এবং এর তালিকা | ” |
| ৪.৩ উপরোক্ত ৪.২ অনুচ্ছেদের অন্তর্ভূক্ত তথ্য ছাড়া স্বপ্রনোদিত তথ্য সহ অন্যান্য সকল তথ্য | ০৮ |
| ৫. তথ্য সংগ্রহ ও সংরক্ষণ পদ্ধতি | ০৯ |
| - অফিসিয়াল ওয়েবসাইট | ” |
| - তথ্য হালনাগাদকরণ | ” |
| - অন্যান্য পদ্ধতি | ” |
| ৬. দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা নিয়োগ | ” |
| ৭. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব ও কর্মপরিধি | ” |
| ৮. তথ্য প্রদানে সহায়ক/বিকল্প কর্মকর্তার কর্মপরিধি | ” |
| ৯. তথ্য প্রদান পদ্ধতি | ” |
| ১০. তথ্য প্রদানের সময়সীমা | ” |
| ১১. তথ্যের মূল্য ও মূল্য পরিশোধের নিয়মাবলী | ” |
| ১২. আপীল কর্তৃপক্ষ ও আপীল পদ্ধতি | ,, |
| ১৩ . তথ্য প্রদানে অবহেলা শাস্তির বিধান | ” |
| ১৪. তথ্যাদি প্রদর্শনের সুযোগ | ” |
| ১৫. জন গুরুত্বপূর্ণ বিষয়ে প্রেস রিলিজ | ” |
| ১৬. পরিশিষ্ট -১ | ,, |

## ১. তথ্য অবমুক্তকরণ নীতিমালা পটভুমি এবং প্রয়োজনীয়তা

### ১.১ কৃষি তথ্য সার্ভিসের পটভুমি

**পরিচিতি**

কৃষি তথ্য সার্ভিস গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের সরাসরি নিয়ন্ত্রানাধীন একটি স্বতন্ত্র প্রতিষ্ঠান। **১৯৬১** সনে **কৃষি তথ্য সংস্থা** হিসেবে এর আত্মপ্রকাশ। **১৯৮০** সনে এ প্রতিষ্ঠানকে **কৃষি তথ্য সার্ভিস** নামকরণ করা হয়। প্রতিষ্ঠানটি জন্মলগ্ন থেকে নিরলসভাবে গণমাধ্যমের সাহায্যে কৃষি তথ্য ও প্রযুক্তির চলমান তথ্য প্রবাহ তৃণমূল পর্যন্ত দ্রুত বিস্তার কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। কৃষি তথ্য সার্ভিসের সদর দপ্তর খামারবাড়ি, ফার্মগেট, ঢাকায় অবস্থিত।

**লক্ষ্য ও উদ্দেশ্য**

বিভিন্ন উৎস থেকে প্রাপ্ত আধুনিক লাগসই কৃষি তথ্য ও প্রযুক্তি সহজ সরল ও সাবলীলভাবে অভীষ্ট দলের কাছে বোধগম্য আকারে পৌঁছানোর ব্যবস্থা করা। প্রিন্টিং মিডিয়া, ইলেক্ট্রনিক মিডিয়া ও আইসিটির সাহায্যে এসব তথ্য প্রযুক্তি বিভিন্ন আঙ্গিক এবং কৌশলে উপস্থাপন করে সংশ্লিষ্ট সবাইকে উদ্বুদ্ধ করা এবং কৃষি উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করা।

**সাংগঠনিক কাঠামো**

কৃষি তথ্য সার্ভিস ২৪৫ জনশক্তি নিয়ে প্রথম কাজ শুরু করে। পরবর্তীতে মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্তে **১৯৮৫** সনে কৃষি তথ্য সার্ভিসকে দ্বিধাবিভক্ত করে এক-তৃতীয়াংশ জনবল মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে হস্থান্তর করা হয়। বর্তমানে এ দপ্তরে রাজস্ব খাতে ২৩৯টি পদ আছে (রাজস্ব খাতে স্থায়ী পদের সংখ্যা ২০৪টি এবং অস্থায়ী পদ সংখ্যা ৩৫টি)। মাঠ পর্যায়ে ঢাকা, ময়মনসিংহ, কুমিল্লা, সিলেট, চট্টগ্রাম, রাঙ্গামাটি, খুলনা, রাজশাহী, রংপুর, পাবনা ও বরিশালে **১১** আঞ্চলিক কার্যালয় এবং ঠাকুরগাঁও ও কক্সবাজারে দুটি লিয়াজোঁ অফিস রয়েছে। বিগত সময়ে জিওবির অর্থায়নে দুইটি উন্নয়ন প্রকল্প ও একটি কর্মসূচির কার্যক্রম পরিচালিত হয়েছে। বর্তমানে ‘দশটি অঞ্চলে কৃষি তথ্য সার্ভিস কার্যক্রম নিবিড়করণ (আইএআইএস)’ এবং ‘কৃষি তথ্য ও যোগাযোগ কেন্দ্রের মাধ্যমে ডিজিটাল কৃষি তথ্যের প্রচলন ও গ্রামীণ জীবনমান উন্নয়ন’ শীর্ষক দুইটি উন্নয়ন প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে (জুন ২০১৫-তে সমাপ্ত)। এসবের মাধ্যমে **১০**টি কৃষি অঞ্চলে কৃষি তথ্য সার্ভিসের কার্যক্রম তথা কৃষি তথ্য বিস্তার বেগবান হচ্ছে।

**প্রিন্ট মিডিয়া :**

কৃষি তথ্য সার্ভিস-এর প্রিন্ট মিডিয়ার আওতায় রয়েছে কম্পিউটার, আধুনিক প্রযুক্তির বাইকালার, সিঙ্গেল কালার ও মিনি অপসেট প্রিন্টিং মেশিন। আছে কাটিং ,ডাইকাটিং,অটো ফোল্ডিং ও বাইন্ডিং মেশিন। এ ছাড়া ডবল স্টিচিং, ড্রামস্কেনার, ইমেজ সেটার, হিট লেমিনিটিং সহ রয়েছে আধুনিক সলভেন মেশিন। এসব আধুনিক যন্ত্রপাতি ও দক্ষ জনবলের সাহায্যে কৃষি তথ্য ও প্রযুক্তি নির্ভর সকল প্রকার প্রকাশনা সামগ্রী যথা সময়ে তৈরি করা হয়।

**প্রকাশনা**

**ক. নিয়মিত প্রকাশনা:** মাসিক কৃষিকথা, সম্প্রসারণ বার্তা, কৃষি ডাইরি ।

**খ. অনিয়মিত প্রকাশনা :** নিজস্ব কার্যক্রমের আওতাসহ এবং কৃষি মন্ত্রণালয়ের বিভিন্ন সহযোগী সংস্থার যাবতীয় প্রকাশনা যেমন- বই, ই-বই, বুকলেট, জার্নাল, প্রতিবেদন, পোস্টার, লিফলেট, ফোল্ডার, ফ্লিপচার্ট, স্টিকার মুদ্রণসহ বিনামূল্যে বিতরণ।

**<u>বেতার ও টেলিভিশন কার্যক্রম</u>**

কৃষি তথ্য সার্ভিস-এর সার্বিক সহায়তায় বর্তমানে বাংলাদেশ বেতারের **১০টি** কেন্দ্র থেকে জাতীয় ও আঞ্চলিক কৃষি বিষয়ক অনুষ্ঠান সম্প্রচার হয়। এর পরিধি দৈনিক প্রায় **১২** ঘণ্টার ওপরে। এফএও'র কারিগরি সহায়তায় বরগুনা জেলার আমতলী উপজেলায় স্থাপিত হয়েছে একটি কমিউনিটি রেডিও যা কৃষি তথ্য সার্ভিসের তত্ত্বাবধানে পরিচালিত । এছাড়া এ দপ্তরের সার্বিক তত্ত্বাবধান ও সহায়তায় প্রতিদিন **বাংলার কৃষি** শিরোনামে কৃষি বিষয়ক একটি প্রতিবেদনমূলক অনুষ্ঠান এবং **মাটি ও মানুষ** শিরোনামে সপ্তাহে ৬ দিন কৃষি বিষয়ক অনুষ্ঠান বিটিভিতে সম্প্রচার হয়।

**<u>কৃষি প্রামাণ্য চিত্র</u>**

কৃষি তথ্য সার্ভিস আধুনিক কৃষি তথ্য প্রযুক্তিনির্ভর ও বিনোদনমূলক বিভিন্ন ভিডিও ডকুমেন্টারি, ডকুড্রামা, গান, টিভি ফিলার নির্মাণ করে ।এগুলো বিটিভি সহ বিভিন্ন টিভি চ্যানেলে সম্প্রচার করা হয়। পাশাপাশি মাঠ পর্যায়ে নিজস্ব সিনেমাভ্যানের মাধ্যমে গ্রামে-গঞ্জে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করা হয়। যুগপৎ আনন্দ ও শিক্ষার মাধ্যম হিসেবে কৃষি তথ্য সার্ভিসের এ কার্যক্রম খুবই সমাদৃত।

**<u>ইলেক্ট্রনিক মিডিয়া সেল</u>**

বর্তমানে ইলেক্ট্রনিক মিডিয়া সেলের আওতায় ২টি বেটা ক্যামেরা, ৩টি DV-170, ২টি DV-450, ৩টি SS 100 PK মডেলের ক্যামেরা একটি আধুনিক স্টুডিও ও কন্ট্রোল প্যানাল, ৪টি এডিটিং প্যানাল (৩টি ননলিনিয়ার, ১টি লিনিয়ার) ডিজিটাল সাউন্ড সিস্টেমসহ অন্যান্য সুযোগ সুবিধা রয়েছে। এ কারণে যে কোন সময় ক্যামেরাভিত্তিক যে কোন কার্যক্রম একদল দক্ষকর্মীর মাধ্যমে অতিদ্রুত সম্পাদন করা সম্ভব হয়।

**<u>আইসিটি কার্যক্রমঃ</u>**

কৃষি তথ্য সার্ভিস মিডিয়াভিত্তিক বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করে থাকে। এ দপ্তরে রয়েছে আধুনিক মানসম্মত আইসিটি সেন্টার চালু রয়েছে। হালনাগাদ কৃষিবিষয়ক তথ্য সমৃদ্ধ একটি ওয়েবসাইট www.ais.gov.bd কৃষিভিত্তিক তথ্য সরবরাহে কার্যকর ভূমিকা রাখছে। কৃষক সদস্যদের মাধ্যমে গ্রাম পর্যায়ে কৃষি তথ্য ও যোগাযোগ কেন্দ্র (এআইসিসি) স্থাপন করে কৃষি তথ্য ও প্রযুক্তি হস্তান্তরের সহজতর করা হয়েছে। এসব এআইসিসিতে ল্যাপটপ, ডেস্কটপ কম্পিউটার, ইন্টারনেট মডেম, প্রিন্টার, মাল্টিমিডিয়া সামগ্রী, ক্যামেরা ইত্যাদি সরবরাহ করা হয়েছে। পাশাপাশি সদস্যদের এ বিষয়ে যথাযথ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ পর্যন্ত ২৪৫ টি এআইসিসি দেশব্যাপী স্থাপিত হয়েছে। কৃষিক্ষেত্রে মোবাইলভিত্তিক কৃষি তথ্য সেবা প্রদানের লক্ষ্যে কৃষি তথ্য সার্ভিস এর রয়েছে একটি **'কৃষি কল সেন্টার'**। যেকোনো মোবাইল থেকে যে কেউ **<u>১৬১২৩</u>** এ নম্বরে ফোন করে কৃষি তথ্য সেবা পেতে পারেন।

**১.২ তথ্য অবমুক্তিকরনের উদ্দেশ্য :**

কৃষিই বাংলাদেশের অর্থনীতির মূল ভিত্তি। কৃষি ও কৃষককে আধুনিক করে তুলতে হলে চাই কৃষি বিজ্ঞানের চলমান শ্রোতধারায় কৃষককে সম্পৃক্ত রাখা। কৃষি উৎপাদন ব্যবস্থার আধুনিক ও লাগসই কর্মকান্ডের উপর জ্ঞান দানের পাশাপাশি কৃষককে সর্বক্ষেত্রে তার অধিকার সম্পর্কে সচেতন করে তোলার লক্ষ্য ও উদ্দেশ্যকে সামনে রেখে কৃষি তথ্য সার্ভিস অবাধ তথ্য প্রবাহ নিশ্চিত করতে চায়। এ উদ্দেশ্য পূরণে কৃষি তথ্য সার্ভিস জনসাধারণের তথ্যের অধিকার নিশ্চিত করার নীতিতে দৃঢ়ভাবে বিশ্বাস করে। তথ্য অবমুক্তকরণ নীতিটি তথ্য অধিকার আইন ২০০৯ এর আলোকে প্রণীত হয়েছে।

নীতিমালার **নাম :** তথ্য অবমুক্তিকরণ নীতিমালা ২০১৫।

**২. আইনগত ভিত্তি :**

২.১ অনুমোদনকারী কর্তৃপক্ষ : পরিচালক কৃষি তথ্য সার্ভিস, কৃষি মন্ত্রণালয়।

২.২ অনুমোদনের তারিখঃ ......................

২.৩ বাস্তবায়নের তারিখঃ.......................

## ৩. সংজ্ঞা

### ৩.১ তথ্য

তথ্য অর্থে কৃষি তথ্য সার্ভিসের গঠন, কাঠামো ও দাপ্তরিক কর্মকান্ড সংক্রান্ত যেকোন স্মারক, বই, নকশা, মানচিত্র, চুক্তি, তথ্য-উপাত্ত, লগবই, আদেশ, বিজ্ঞপ্তি, দলিল, নমুনা, পত্র, প্রতিবেদন, হিসাব বিবরণী, প্রকল্প প্রস্তাব, আলোকচিত্র, অডিও, ভিডিও, অংকিতচিত্র, ফিল্ম, ইলেকট্রনিক প্রক্রিয়ায় প্রস্তুতকৃত যেকোন ইন্স্ট্রুমেন্ট যান্ত্রিকভাবে পাঠযোগ্য দলিলাদি এবং ভৌতিক গঠন ও বৈশিষ্ট্য নির্বিশেষে অন্য যেকোনো তথ্যবহ বস্তু বা তাদের প্রতিলিপিও এর অন্তভুক্ত হবে। তবে শর্ত থাকে যে দাপ্তরিক নোট সিট বা নোট সিটের প্রতিলিপি এর অন্তর্ভুক্ত হবে না।

### ৩.২ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাঃ

তথ্য অবমুক্তকরণ নীতি বাস্তবায়নের জন্য এবং তথ্য অধিকার আইন অনুযায়ী তথ্য সরবরাহের জন্য কৃষি তথ্য সার্ভিসের প্রধান কার্যালয় এবং আঞ্চলিক কার্যালয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের পদবী ও ঠিকানা-

**প্রধান কার্যালয়**

| ক্র.নং | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) | অফিসের নাম/ঠিকানা | যোগাযোগ |
|---|---|---|---|
| ১. | মোহম্মদ আনোয়ার হোসেন<br>প্রধান তথ্য অফিসার | কৃষি তথ্য সার্ভিস, সদর দপ্তর<br>খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫। | ফোন : ৮১৩০৪৭২<br>মোবা: ০১৭২১১১০৯৪৯<br>ই-মেইল: cio@ais.gov.bd |
| ২. | মো. মেছলেহ উদ্দিন সিদ্দিকী<br>ফিল্ম প্রোডাকশন অফিসার<br>(বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা) | কৃষি তথ্য সার্ভিস, সদর দপ্তর<br>খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫। | ফোন : ৫৮১৫৬৮২৮<br>মোবা : ০১৫৫৬৩৩২৯৬৯<br>ই-মেইল fpo@ais.gov.bd |

**কৃষি তথ্য সার্ভিস-এর আঞ্চলিক কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের পদবী ও ঠিকানা**

| ক্র.নং | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পদবী | অফিসের ঠিকানা | যোগাযোগ |
|---|---|---|---|
| ১. | এম.এম আবদুর রাজ্জাক<br>আঞ্চলিক বেতার কৃষি অফিসার<br>খুলনা | আঞ্চলিক কার্যালয়, কৃষি তথ্য সার্ভিস,<br>২৫২/১, শের-ই-বাংলা রোড<br>খুলনা | ফোন : ০৪১-৭২৪৮৪৯<br>মোবা: ০১৭১৬৩২১৩২১<br>ই-মেইল: khulna@ais.gov.bd |
| ২. | মো. আবু সায়েম<br>আঞ্চলিক বেতার কৃষি অফিসার রংপুর | আঞ্চলিক কার্যালয়, কৃষি তথ্য সার্ভিস<br>কেরানীপাড়া, রংপুর | ফোন : ০৫২১-৬২২৪৮<br>মোবা: ০১৭১৯৫৪৭১৭৯<br>ই-মেইল: rangpur@ais.gov.bd |
| ৩. | মোহাইমিনুর রশিদ<br>আঞ্চলিক বেতার কৃষি অফিসার<br>সিলেট | আঞ্চলিক কার্যালয়, কৃষি তথ্য সার্ভিস,<br>আওরঙ্গপুর হাউস, ৭৪-বি, হাউজিং<br>এস্টেট (৩য় তলা), আম্বরখানা, সিলেট | মোবা: ০১৮১৯৫৬৯২৭৮<br>ফোন : ০৮২১-৭১৭৪৪৭<br>ই-মেইল: sylhet@ais.gov.bd |
| ৪. | আবু কাউসার মো. সারোয়ার<br>আঞ্চলিক বেতার কৃষি অফিসার<br>চট্টগ্রাম | আঞ্চলিক কার্যালয়, কৃষি তথ্য সার্ভিস<br>সরকারী কার্যভবন-১ (৩য় তলা)<br>রুম নং-৩১৩, আগ্রাবাদ, চট্টগ্রাম | ফোন : ০৩১-৭২১১৭৪<br>মোবা: ০১৭১২৫১৩২৮৮<br>ই-মেইল: chittagong@ais.gov.bd |
| ৫. | মো. শাহাদাত হোসেন<br>আঞ্চলিক কৃষি তথ্য অফিসার বরিশাল | আঞ্চলিক কার্যালয়, কৃষি তথ্য সার্ভিস<br>মনোয়ারা ম্যানসন, পশ্চিম মুসলিম<br>গোরস্থান রোড, ধোপাবাড়ী মোড়, বরিশাল | ফোন : ০৪৩১-৬২৬৭৫<br>মোবা: ০১৭১৮৪০১৭৩৬<br>ই-মেইল: barisal@ais.gov.bd |
| ৬. | মো. আব্দুল্লাহ হিল কাফী<br>আঞ্চলিক কৃষি তথ্য অফিসার<br>রাজশাহী | আঞ্চলিক কার্যালয়, কৃষি তথ্য সার্ভিস<br>কাজীহাটা, মিশন রোড, রাজশাহী | ফোন : ০৭২১-৭৭৩২৭৭<br>মোবা: ০১৮১৯৯২২৬১৩<br>ই-মেইল: rajshahi@ais.gov.bd |
| ৭. | নয়ন মনি সূত্রধর<br>আঞ্চলিক কৃষি তথ্য অফিসার কুমিল্লা | আঞ্চলিক কার্যালয়, কৃষি তথ্য সার্ভিস<br>শাসনগাছা, কুমিল্লা | ফোন : ০৮১-৬১৮৯০<br>মোবা: ০১৭১৭৭৫৪৬৯৮<br>ই-মেইল: comilla@ais.gov.bd |

| | | | |
|---|---|---|---|
| ৮. | মাহমুদুল হাসান<br>আঞ্চলিক কৃষি তথ্য অফিসার<br>রাঙ্গামাটি | আঞ্চলিক কার্যালয়, কৃষি তথ্য সার্ভিস, বনরূপা, রাঙ্গামাটি, পার্বত্য জেলা, রাঙ্গামাটি | ফোন : ০৩৫১-৬১২৯২ (F)<br>মোবা: ০১৫৫৪৩৫৪৪৭৮<br>ই-মেইল: rangamati@ais.gov.bd |
| ৯. | মোহাম্মদ গোলাম মাওলা<br>সহকারী তথ্য অফিসার (অ.দা.)<br>ময়মনসিংহ | আঞ্চলিক কার্যালয়, কৃষি তথ্য সার্ভিস, ৬/১, নাটকঘর লেন, ময়মনসিংহ | ফোন : ০৯১-৬৭৮১৭<br>মোবা: ০১৭১৬৮০৬১৭১<br>ই-মেইল: - mymensingh@ais.gov.bd |
| ১০. | মো. আব্দুল্লাহ হিল কাফী<br>সহকারী তথ্য অফিসার (অ.দা.)<br>পাবনা | আঞ্চলিক কার্যালয়, কৃষি তথ্য সার্ভিস হেরাজ ম্যানসন, গোপালপুর, জেলা- পাবনা | ফোন : ০৭৩১-৬৬১৭৮<br>মোবা: ০১৮১৯৯২২৬১৩<br>ই-মেইল: - pabna@ais.gov.bd |
| ১১. | মো. মনিরুজ্জামান<br>লিয়াঁজো অফিসার<br>ঠাকুরগাঁও | আঞ্চলিক কার্যালয়, কৃষি তথ্য সার্ভিস প্রযত্নে : উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঠাকুরগাঁও | ফোন : ০৫৬১-৫৩৪৬৬ (অনু)<br>মোবা: ০১৭১৬২৮২২৪<br>ই-মেইল: - thakurgaon@ais.gov.bd |
| ১২. | আশরাফুল আলম কুতুবী<br>লিয়াঁজো অফিসার, কক্সবাজার | আঞ্চলিক কার্যালয়, কৃষি তথ্য সার্ভিস ১৫৫, সোহাগকুটির, পূর্ব বাহছড়া, কক্সবাজার | মোবা: ০১৮১৯৬৩৫৪৭৬<br>ফোন : - ০৩৪১৫১১০২<br>ই-মেইল: - coxsbazar@ais.gov.bd |

**৩.৩ তথ্য প্রদান ইউনিট:**

তথ্য প্রদানকারী কর্মকর্তার সমন্বয়ে প্রত্যেকটি কার্যালয়ে তথ্য প্রদানকারী ইউনিট গঠিত হবে।

**৩.৪ আপিল কর্তৃপক্ষ:**

কৃষি তথ্য সার্ভিসের সদর দপ্তরের ক্ষেত্রে সচিব, কৃষি মন্ত্রণালয় এবং আঞ্চলিক কার্যালয়সমূহের ক্ষেত্রে পরিচালক, কৃষি তথ্য সার্ভিস আপিল কর্তৃপক্ষ।

**৩.৫ তৃতীয় পক্ষ** : কৃষি তথ্য সার্ভিস এর কার্যক্রমের সাথে প্রত্যক্ষ ও পরোক্ষ ভাবে সম্পৃক্ত বা সহায়তাকারী ব্যক্তি, এবং সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠান।

**৪. তথ্যের শ্রেণী বিন্যাস এবং তথ্য প্রদান পদ্ধতি :**

**৪.১ স্বপ্রণোদিত তথ্য প্রকাশ এবং এর তালিকা:**

এই শ্রেণীর আওতাভুক্ত তথ্যগুলো পরিশিষ্ট-১ এ উল্লেখ করা আছে যা তথ্য অধিকার আইন অনুযায়ী স্বপ্রণোদিত ভাবে সংস্থার ওয়েবসাইটে প্রকাশিত থাকবে।যদি চাহিদা অনুযায়ী কোন তথ্য সংস্থার ওয়েবসাইটে (www.ais.gov.bd) পাওয়া না যায় তাহলে তথ্য প্রত্যাশাকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান এ দপ্তরের প্রধান কার্যালয়ের প্রধান তথ্য কর্মকর্তা বরাবর (ঠিকানা: কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫) আবেদন করতে পারবেন।

**৪.২ কতিপয় তথ্য প্রকাশ বা প্রদানে কৃষি তথ্য সার্ভিস বাধ্য নয় :**

কতিপয় তথ্য যা নাগরিকদের প্রদান করতে কৃষি তথ্য সার্ভিস বাধ্য থাকবেনা। এ তালিকাটিও কৃষি তথ্য সার্ভিস কর্তৃক নির্ধারিত হবে। পরিচালক কৃষি তথ্য সার্ভিস এটি অনুমোদন করবেন। এ তালিকা ৬ মাস পর পর পর্যালোচনা করে প্রয়োজনে সংযোজন / বিয়োজন করা হবে। নিম্নবর্ণিত তথ্য সমূহ কৃষি তথ্য সার্ভিস কোনো নাগরিককে প্রদান করতে বাধ্য থাকবেনা।

ক) বিদেশী রাষ্ট্র বা আন্তর্জাতিক কোনো সংস্থার সাথে সম্পর্ক ক্ষুন্ন হইতে পারে এমন কোনো তথ্য।

খ) কোনো তথ্য প্রকাশের ফলে কোনো তৃতীয় পক্ষের বুদ্ধিবৃত্তিক সম্পদের অধিকার ক্ষতিগ্রস্ত হইতে পারে এইরূপ বাণিজ্যিক বা ব্যবসায়িক অন্তর্নিহিত গোপনীয়তা বিষয়ক, কপিরাইট বা বুদ্ধিবৃত্তিক সম্পদ সম্পর্কিত তথ্য।

গ) কোনো তথ্য প্রকাশের ফলে কোনো বিশেষ ব্যক্তি বা সংস্থাকে লাভবান বা ক্ষতিগ্রস্ত করিতে পারে এইরূপ তথ্য।

ঘ) কোনো তথ্য প্রকাশের ফলে অপরাধ বৃদ্ধি পাইতে পারে এমন তথ্য।

ঙ) কোনো তথ্য প্রকাশের ফলে কোনো ব্যক্তির ব্যক্তিগত জীবনের গোপনীয়তা ক্ষুন্ন হইতে পারে এইরূপ তথ্য ।

চ) কোনো তথ্য প্রকাশের ফলে কোনো ব্যক্তির জীবন বা শারীরিক নিরাপত্তা বিপদাপন্ন হইতে পারে এমন তথ্য ।

ছ) কৌশলগত ও বানিজ্যিক কারণে গোপন রাখা বাঞ্ছনীয় এইরূপ কারিগরি বা বৈজ্ঞানিক গবেষণালব্ধ কোনো তথ্য ।

জ) তদন্তনাধীন কোনো বিষয় যা প্রকাশে তদন্ত কাজে বিঘ্ন ঘটাইতে পারে এইরূপ তথ্য ।

ঝ) কোনো ক্রয় কার্যক্রম সম্পূর্ণ হওয়ার পূর্বে বা উক্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহনের পূর্বে সংশ্লিষ্ট ক্রয় বা উহার কার্যক্রম সংক্রান্ত তথ্য ।

ঞ) কোনো ব্যাক্তির আইন দ্বারা সংরক্ষিত গোপনীয় তথ্য ।

ট) তৃতীয় পক্ষের স্বার্থ জড়িত রয়েছে এমন যেকোনো তথ্য যা প্রদানে তৃতীয় পক্ষের অসম্মতি রয়েছে ।

ট) প্রজাতন্ত্রের কোনো কর্মকর্তা ও কর্মচারির ব্যাক্তগত নথি, বেতন ভাতাদি, অন্যান সুযোগ সুবিধা, বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা (কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত) এসব তথ্য ।

ঠ) কোনো ক্রয় কার্যক্রমে অংশগ্রহনকারী প্রতিষ্ঠানের তথ্য, প্রদত্ত কাগজ পত্র। মূল্যায়নের জন্য গঠিত কমিটির নাম পরিচয় ।

ড) কোনো ক্রয় কার্যক্রমের জন্য গঠিত মূল্যায়ন কমিটি ও পাভুলিপি মূল্যায়নের জন্য গঠিত কারিগরি কমিটিতে অন্তর্ভুক্ত সদস্যেদের নাম পরিচয় ও তাদের প্রদেয় গোপনীয় নম্বরপত্র ।

ঢ) এ দপ্তরে সংরক্ষিত রহিয়াছে এমন যেকোনো বেসরকারি ব্যক্তি বা প্রতিষ্ঠানের কোনো তথ্য যা ঐ ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিজস্ব ।

**৪.৩ উপরোক্ত ৪.২ অনুচ্ছেদের অর্ন্তভুক্ত ছাড়া স্বপ্রোনদিত তথ্য সহ অন্যান্য সকল তথ্য ।**

**৫. তথ্য সংগ্রহ ও সংরক্ষণ পদ্ধতি :**

- অফিসিয়্যাল ওয়েবসাইট : www.ais.gov.bd
- তথ্য হালনাগাদকরণ : প্রতি মাসে কৃষি তথ্য ও প্রযুক্তির নতুন তথ্য অফিসিয়ার ওয়েবসাইটে হালনাগাদ করা হবে ।
- অন্যান্য পদ্ধতি :

ক) বই, বুকলেট, জার্নাল, প্রতিবেদন, পোস্টার, লিফলেট, ফোল্ডার, ফ্লিপচার্ট, স্টিকার মুদ্রণ ও বিনামূল্যে/ স্বল্পমূল্যে বিতরণ । জাতীয় ও আন্তর্জাতিক দিবসে/ প্রয়োজনে জাতীয় দৈনিকে বিজ্ঞপ্তি, ফিচার, ক্রোড়পত্র প্রকাশ ।

খ) বাংলাদেশ বেতার ও বাংলাতেশ টেলিভিশনের সহায়তায় কৃষি বিষয়ক অনুষ্ঠানের মাধ্যমে সর্বশেষ তথ্য ও প্রযুক্তি সম্প্রচার ।

গ) তথ্য ও প্রযুক্তি ভিত্তিক ভিডিও ডকুমেন্টারি, ডকুড্রামা, গান, টিভি ফিলার নির্মাণ করে মাঠ পর্যায়ে নিজস্ব সিনেমাভ্যানের মাধ্যমে গ্রামে-গঞ্জে প্রদর্শেনের ব্যবস্থা গ্রহণকরন ।

৬. **দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা নিয়োগ** : কৃষি তথ্য সার্ভিস-এর প্রধান তথ্য অফিসারকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ দেয়া হয়েছে ।

৭. **দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার দায়িত্ত ও কর্মপরিধী** : আবেদনকারির আবেদন গ্রহন করবেন এবং রিসিপ্ট দিবেন। তথ্যের আবেদন বাছাই, প্রদানযোগ্য তথ্য হলে এবং তা সেক্সন-৭এর আওতায় বাধ্যতামূলক নয় বিবেচিত না হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তথ্যের মূল্য প্রাপ্তি সাপেক্ষে তথ্য প্রদান করবেন। প্রয়োজনে এ দপ্তরের অন্যান্য যেকোনো কর্মকর্তা/কর্মচারির সহায়তা নেবেন যা তথ্য অধিকার আইন ২০০৯ এর বিধান অনুযায়ী সহায়তা প্রদানে আইনি বাধ্যবাধকতা রয়েছে। একটি পৃথক ইস্যু খাতা খুলবেন, রেজিস্টার রাখবেন ।

৮. **বিকল্প তথ্য কর্মকর্তার কর্মপরিধি :** দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার অনুপস্থিতিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কাজ করবেন। প্রয়োজনে এ দপ্তরের অন্যান্য যেকোনো কর্মকর্তা/কর্মচারির সহায়তা নেবেন যা তথ্য অধিকার আইন ২০০৯ এর বিধান অনুযায়ী সহায়তা প্রদানে আইনি বাধ্যবাদকতা রয়েছে।

৯. **তথ্য প্রদান পদ্ধতি :** তথ্য চাহিদাকারীর চাহিদা অনুযায়ী পদ্ধতিতে। তবে এর লিখিত রূপ অথবা অডিও রেকর্ড হবে বাংলা ভাষায়।

১০. **তথ্য প্রদানের সময়সীমা :** সর্বোচ্চ ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে তথ্য প্রদান করা হবে। কোনো কারনে তথ্য প্রদানে অপারগ হলে ১০(দশ) কার্যদিবসের মধ্যে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অনুরোধকারীকে অবহিত করবেন।একাধিক তথ্য প্রদানকারীর সংশ্লিষ্টতা থাকলে ৩০(ত্রিশ) কার্য দিবস।

১১. **তথ্যের মূল্য ও পরিশোধের নিয়মাবলী :** ছাপানো তথ্যের জন্য নির্ধারিত যে মূল্য রয়েছে তা পরিশোধ করতে হবে। লিখিত ডকুমেন্টস এ-৪ সাইজের জন্য প্রতি পৃষ্ঠার মূল্য ২(দুই) টাকা এবং তদুর্ধ্ব কাগজের জন্য প্রকৃত মূল্য। সিডি ডিভিডি কপির ক্ষেত্রে আবেদনকারী ডিভিডি সরবরাহ করলে প্যানেল থেকে ডাউনলোডের অথবা কপিকরণের প্রকৃত মূল্য। তথ্য সরবরাহকারী ডিভিডি সরবরাহ করলে ডিভিডি'র মূল্য সহ প্যানেল থেকে ডাউনলোডের অথবা কপিকরণের প্রকৃত মূল্য। তথ্যের মূল্য বাবদ অর্থ **১-৩৩০১-০০০১-১৮০৭** এই কোড নম্বরে আবেদনকারীকে জমা দিতে হবে। মূল্যবাবদ পরিশোধযোগ্য অর্থের পরিমান নিতান্ত কম হলে সরকারী রেভিনিউ স্ট্যাম্পের মাধ্যমে জমা দেয়া যাবে।

১২. **আপীল কর্তৃপক্ষ ও আপীল পদ্ধতি :** কৃষি তথ্য সার্ভিসের সদর দপ্তর এর ক্ষেত্রে আপীল কর্তৃপক্ষ, সচিব, কৃষি মন্ত্রণালয় এবং আঞ্চলিক কার্যালয়সমূহের ক্ষেত্রে পরিচালক, কৃষি তথ্য সার্ভিস আপিল কর্তৃপক্ষ। যদি কোনো ব্যক্তি নির্দিষ্ট সময়সীমার মধ্যে তথ্য না পান অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সিদ্ধান্তে সংক্ষুব্ধ হন তাহলে তিনি উক্ত সময়সীমা পার হওয়ার পর বা সিদ্ধান্ত পাওয়ার পরবর্তী (৩০) দিনের মধ্যে আপীল কর্তৃপক্ষের নিকট আপীল করতে পারবেন। আপীলের আবেদন আপীলের কারণ উল্লেখ করে সাদা কাগজে অথবা ফরম "গ"(সংযুক্ত) অনুযায়ী করা যাবে। আপীল কর্তৃপক্ষ **১৫** (পনেরো) কার্যদিবসের মধ্যে আপীল নিষ্পত্তি করবেন। তথ্য প্রাপ্তির আপীল সমূহ তথ্য অধিকার আইন ২০০৯এর ২৪, ২৮ ও ২৯ অনুযায়ী বিবেচনা করা হবে। আপীল কর্তৃপক্ষের রায় কৃষি তথ্য সার্ভিসের চূড়ান্ত রায় বলে বিবেচিত হবে। এ ব্যাপারে তথ্য চাহিদাকারী সংক্ষুব্ধ হলে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করতে পারবেন।

১৩. **তথ্য প্রদানে অবহেলায় শাস্তির বিধান :** যথাযথ কারণ ব্যতীত তথ্য প্রদানে অপারগতা প্রকাশ একটি অনিয়ম বলে বিবেচিত হবে। সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিরুদ্ধে সরকারী চাকরি বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহন করা হবে।

১৪. **তথ্যাদি প্রদর্শনের সুযোগ :** কৃষি তথ্য সার্ভিসের সদর দপ্তর ও আঞ্চলিক কার্যালয়ে সিটিজেন চার্টার লাগানো। সার্বক্ষণিক ওয়েবসাইটে www.ais.gov.bd তথ্য সেবা প্রাপ্তির সুযোগ।

১৫. **জনগুরুত্বপূর্ণ বিষয়ে প্রেস রিলিজ :** দৈনিক পত্রিকা, বাংলাদেশ বেতার, বিটিভিসহ জনপ্রিয় টিভি চ্যানেলে বিজ্ঞপ্তি প্রকাশ ও সম্প্রচার করা হবে।

---

## ফরম 'ক'

# অভিযোগ দায়েরের ফরম

[তথ্য অধিকার (অভিযোগ দায়ের ও নিষ্পত্তি সংক্রান্ত) প্রবিধানমালার প্রবিধান-৩ (১) দ্রষ্টব্য]

বরাবর
প্রধান তথ্য কমিশনার
তথ্য কমিশন
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলানগর, ঢাকা-১২০৭ ।

অভিযোগ নং ------------------------------------------------------------------------------------- ।

১ । অভিযোগকারীর নাম ও ঠিকানা (যোগাযোগের সহজ মাধ্যমসহ) ঃ ........................................................................

২ । অভিযোগ দাখিলের তারিখ ঃ ........................................................................

৩ । যাহার বিরুদ্ধে অভিযোগ করা হইয়াছে তাহার নাম ও ঠিকানা ঃ ........................................................................

৪ । অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ (প্রয়োজনে আলাদা কাগজ সন্নিবেশ করা যাইবে) ঃ ........................................................................

৫ । সংক্ষুব্ধতার কারণ (যদি কোন আদেশের বিরুদ্ধে অভিযোগ আনয়ন করা হয় সেইক্ষেত্রে উহার কপি সংযুক্ত করিতে হইবে) ঃ ........................................................................

৬ । প্রার্থিত প্রতিকার ও উহার যৌক্তিকতা ঃ ........................................................................

৭ । অভিযোগ উল্লিখিত বক্তব্যের সমর্থনে প্রয়োজনীয় কাগজ পত্রের বর্ণনা (কপি সংযুক্ত করিতে হইবে) ঃ ........................................................................

## সত্যপাঠ

আমি/আমরা এই মর্মে হলফপূর্বক ঘোষণা করিতেছি যে, এই অভিযোগে বর্ণিত অভিযোগসমূহ আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য ।

(সত্যপাঠকারীর স্বাক্ষর)

**ফরম ‘খ’**

[তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ বিধি ৫ দ্রষ্টব্য]

**তথ্য সরবরাহের অপারগতার নোটিশ**

আবেদনের সূত্র নম্বর ঃ তারিখঃ ................................

প্রতি

আবেদনকারীর নাম ঃ ......................................................

ঠিকানা ঃ ......................................................

**বিষয়ঃ তথ্য সরবরাহে অপারগতা সম্পর্কে অবহিতকরণ।**

প্রিয় মহোদয়,

আপনার ............................................... তারিখের আবেদনের ভিত্তিতে প্রার্থিত তথ্য নিম্নোক্ত কারণে সরবরাহ করা সম্ভব হইল না, যথাঃ-

১। ........................................................................................................................
.......................................................................................... ।

২। ........................................................................................................................
.......................................................................................... ।

৩। ........................................................................................................................
.......................................................................................... ।

(.......................................)
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নামঃ
পদবীঃ
দাপ্তরিক সীলঃ

ফরম 'গ'

# আপীল আবেদন

[তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালার বিধি-৬ দ্রষ্টব্য]

বরাবর

----------------------------------------,

---------------------------------------- (নাম ও পদবী)

ও

আপীল কর্তৃপক্ষ,

--------------------------- (দপ্তরের নাম ও ঠিকানা)

১। আপীলকারীর নাম ও ঠিকানা (যোগাযোগের সহজ মাধ্যমসহ) : ..........................................................................

২। আপীলের তারিখ : ..........................................................................

৩। যে আদেশের বিরুদ্ধে আপীল করা হইয়াছে উহার কপি (যদি থাকে) : ..........................................................................

৪। যাহার আদেশের বিরুদ্ধে আপীল করা হইয়াছে তাহার নামসহ আদেশের বিবরণ (যদি থাকে) : ..........................................................................

৫। আপীলের সংক্ষিপ্ত বিবরণ : ..........................................................................

৬। আদেশের বিরুদ্ধে সংক্ষুব্ধ হইবার কারণ (সংক্ষিপ্ত বিবরণ) : ..........................................................................

৭। প্রার্থিত প্রতিকারের যুক্তি/ভিত্তি : ..........................................................................

৮। আপীলকারী কর্তৃক প্রত্যয়ন : ..........................................................................

৯। অন্য কোন তথ্য যাহা আপীল কর্তৃপক্ষের সম্মুখে উপস্থাপনের জন্য আপীলকারী ইচ্ছা পোষণ করেন : ..........................................................................

আবেদনের তারিখ : ..........................................................

আবেদনকারীর স্বাক্ষর